

শাহ আমানতে ২ দিনে আরও ৯ ফ্লাইট বাতিল

- A Monitor Desk Report

Date: 18 April, 2026



চট্টগ্রাম: মধ্যপ্রাচ্যে সংঘাত-পরবর্তী যুদ্ধবিরতির প্রভাব কাটতে শুরু করলেও শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আন্তর্জাতিক ফ্লাইট চলাচল এখনো পুরোপুরি স্বাভাবিক হয়নি।

গত দুই দিন বৃহস্পতিবার ও শুক্রেবার (১৬ ও ১৭ এপ্রিল) মধ্যপ্রাচ্যগামী ও সেখান থেকে আগত মোট ৯টি আন্তর্জাতিক ফ্লাইট বাতিল হয়েছে।

বিমানবন্দর সূত্রে জানা গেছে, এই সময়ে বিমান বাংলাদেশ এয়ারলাইনস-এর একটি মধ্যপ্রাচ্যগামী ফ্লাইট বাতিল করা হয়। ইউএস-বাংলা এয়ারলাইনস-এর একটি আগমন ও একটি বহির্গমন ফ্লাইটও বাতিল হয়েছে।

পাশাপাশি এয়ার আরাবিয়া-র শারজাহ রুটের দুটি আগমন ও দুটি বহির্গমন ফ্লাইট বাতিল করা হয়। এছাড়া সালামএয়ার-এর মাস্কাট রুটের একটি আগমন ও একটি বহির্গমন ফ্লাইট বাতিল হয়েছে।

তবে ইতিবাচক দিক হলো, একই সময়ে বিভিন্ন এয়ারলাইনসের মোট ২৩টি আন্তর্জাতিক ফ্লাইট (১২টি আগমন ও ১১টি বহির্গমন) পরিচালিত হয়েছে। এতে যাত্রী চলাচলে আগের তুলনায় কিছুটা স্বস্তি ফিরেছে বলে জানিয়েছে বিমানবন্দর কর্তৃপক্ষ।

বিমানবন্দর সূত্র আরও জানায়, শারজাহ, দুবাই ও আবুধাবি রুটে ফ্লাইট চলাচলের স্ববিধতা অনেকটাই কেটে গেছে। তবে চট্টগ্রাম-দোহা রুটে এখনো ফ্লাইট চলাচল বন্ধ রয়েছে, যা যাত্রীদের জন্য ভোগান্তির কারণ হয়ে দাঁড়িয়েছে।

বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল জানান, গত ২৮ ফেব্রুয়ারি থেকে মধ্যপ্রাচ্যের সংঘাতজনিত পরিস্থিতির কারণে এখন পর্যন্ত মোট ৩২২টি আন্তর্জাতিক ফ্লাইট বাতিল হয়েছে। সর্বশেষ দুই দিনেই বাতিল হয়েছে ৯টি ফ্লাইট।

সংশ্লিষ্টরা বলছেন, পরিস্থিতি ধীরে ধীরে উন্নতির দিকে গেলেও পুরোপুরি স্বাভাবিক হতে আরও কিছুটা সময় লাগতে পারে। যাত্রীদের ফ্লাইট

সংক্রান্ত তথ্য নিয়মিত যাচাই করে যাত্রা করার পরামর্শ দেওয়া হয়েছে।

-B